

আপনার সমস্যা-পরামর্শ
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
১৬১০৪ নম্বরে জানান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ
এস্টেট শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন মাদারবাড়ী ইসলামাবাদ এপার্টমেন্ট ৪নং ভবনে কয়েকটি খালি ফ্ল্যাট বরাদ্দ চলছে। ফ্ল্যাটের প্রতি বর্গফুট ন্যূনতম উন্নয়ন চার্জ ৩,০০০/- (তিন হাজার) টাকা। তবে সর্বোচ্চ দরদাতাকে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তিগণ কর্পোরেশনের এস্টেট শাখা হতে শর্তাবলী সম্বলিত দরপত্র ফরম প্রতিসেট ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যে পে-অর্ডার/ডিডি মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর অনুকূলে জমা প্রদান পূর্বক ২২/০১/২০১৯ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত ক্রয় করতে পারবেন। চসিক মিলনায়তনে ২য় তলায় রক্ষিত বক্সে দরপত্র আগামী ২৩/০১/২০১৯ খ্রিঃ সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টার মধ্যে বুকিং হিসেবে ২৫% টাকা মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বরাবর পে-অর্ডার/ ডিডি সহ দাখিল করতে হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রি করা হবে না। ঐদিন দুপুর ১.৩০ টায় দরদাতাদের উপস্থিতিতে টেন্ডার বক্স খোলা হবে (যদি কেহ উপস্থিত থাকেন)। ফ্ল্যাট বরাদ্দ সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী এস্টেট অফিসারের দফতরে জানা যাবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন দরপত্র গ্রহণ / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

কর্তৃপক্ষ
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং : ৪৬.১১.১৬০০.০০৩.০৭.০৯৯.১৭- ১৬০৫(৬)/১৫ তারিখ : ২৭/১২/১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো :-

- ১। মাননীয় মেয়র মহোদয় এর সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ২। আইটি অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৩। জন-সংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত স্থানীয় ০২টি ও জাতীয় ০২টি পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
- ৫। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৬। অফিস কপি।

প্রধান রাজস্ব কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন